১০। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর।
ক) বাংলাদেশের নদনদী
খ) আমাদের গ্রাম
গ) জাতীয় কবি কাজী নজরুল ইসলাম



# রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

## নমুনা প্রশ্ন অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০ খ্রিঃ

বিষয়: বাংলা

শ্রেণি: সপ্তম

সময়: ৩ ঘণ্টা — পূর্ণমান: ১০০

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত রীতির মিশ্রণ দূষণীয়]

গদ্যাংশ (যে কোন দুইটি প্রশ্নের উত্তর দাও) মান- ১০×২ = ২০

১। আদরের ছোট মেয়ে দীপাকে নিয়ে জামিল সাহেব বাজারে কেনাকাটা করতে গেলে দোকানদারের সাথে অল্প কিছুক্ষণের মধ্যেই দীপার ভাব জমে যায়। দোকানদার দীপাকে কিছু চকোলেট ও বিস্কুট দেয়। জামিল সাহেব দাম দিতে গেলে দোকানী বলে টাকা দিতে হবে না ভাই। ওকে দেখে আমারও ছোটো মেয়েটার কথা মনে পড়ছে।

ক) কাবুলিওলার নাম কী ছিল? ১
খ) রহমত লেখকের প্রতিবেশীকে ছুরি দিয়ে আঘাত করে কেন? ২
গ) দোকানদারের শেষ কথাটি 'কাবুলিওয়ালা' গল্পের কোন দিকটিকে মনে করিয়ে দেয়? আলোচনা করো? ৩
ঘ) ''সন্তানের কথা পিতার মনে সর্বদা জাগরূক থাকে''- উদ্দীপক ও 'কাবুলিওয়ালা' গল্পের আলোকে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

২। হযরত মুহাম্মদ (স.) সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানুষ। কিন্তু শ্রেষ্ঠত্বের কোনো অহমিকা তাঁর ছিল না। মানুষের প্রতি তাঁর ভালোবাসা ছিল অফুরন্ত। সকলের প্রতি তাঁর আচরণ ছিল হাসিমাখা। ছোটো ছোটো শিশুদের তিনি খুব বেশি স্নেহ করতেন। তাঁর বালক-বন্ধুর সাথে দেখা হলে তিনি বন্ধুর বুলবুলি পাখির খবর নিতেও ভুলে যেতেন না।

ক) হযরত মুহাম্মদ (স.) সত্যে ও সংগ্রামে কেমন ছিলেন? ১
খ) ''এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা কর''- উক্তিটির দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ) সমাজে শান্তি-শৃঙ্খলা উন্নয়নে রাসুল (স.) এর আদর্শ কতটুকু ফলদায়ক যুক্তিসহ উপস্থাপন করো। ৩
ঘ) বালক বন্ধুর কাছে তিনি বুলবুলির খবর জানতে চাইতেন- এ ঘটনার মধ্যে দিয়ে তাঁর চরিত্রের কোন বৈশিষ্ট্যের পরিচয় পাওয়া যায় বিশ্লেষণ কর। ৪

৩। কবিতা শতবার পাঠেও পুরোনো হয় না। বলা হয়ে থাকে গদ্য অপেক্ষা কবিতা শ্রেষ্ঠতর। সাহিত্যের অনেক শাখা আছে- গল্প, কবিতা, উপন্যাস, নাটক, প্রবন্ধ ইত্যাদি। তবে এসবের মধ্যে সবচেয়ে প্রাচীনতম ও জনপ্রিয় শাখা হচ্ছে কবিতা। কারণ কবিতা দিয়ে খুব সহজেই মানুষের হৃদয়ে পৌছানো যায়। কবিতায় মানুষের ভাবনা ও না পাওয়া বিষয়গুলো ভিন্ন ব্যঞ্জনায় ধরা দেয়। তাই আজ অবধি মানুষের কাছে সমান জনপ্রিয় হয়ে আছে কবিতা।

ক) 'শব্দ থেকে কবিতা' কোন ধরণের রচনা? ১

খ) 'কবিতার জন্য দরকার শব্দ- রংবেরঙের শব্দ'- বুঝিয়ে লেখো। ২

গ) উদ্দীপকটিতে 'শব্দ থেকে কবিতা' প্রবন্ধের প্রতিফলিত দিকটি সম্পর্কে আলোচনা কর। ৩

ঘ) উদ্দীপকটি 'শব্দ থেকে কবিতা' প্রবন্ধের সমগ্রভাবকে প্রতিফলিত করে কি? উদ্দীপক ও প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

**কবিতাংশ** (যে কোন দুইটি প্রশ্নের উত্তর দাও)

মান- ১০×২ = ২০

৪। মানব সভ্যতার বিকাশ কাল থেকেই লক্ষকোটি শ্রমজীবী মানুষের হাতে গড়ে উঠেছে সবকিছু। এদেরেই অক্লান্ত শ্রমে ও ঘামে মোটর, জাহাজ, রেলগাড়ি চলছে। গড়ে উঠেছে দালানকোঠা, কলকারখানা। এদের শোষণ করেই ধনিকশ্রেণি হয়েছে সম্পদের মালিক।

ক) 'কুলি- মজুর' কবিতাটি কোন কাব্যগন্থের অন্তর্গত? ১

খ) 'দধীচিদের হাড়' বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ) উদ্দীপকে উল্লেখিত শ্রমিকদের অবহেলিত জীবনধারণ 'কুলি-মজুর' কবিতায় কীভাবে প্রতিফলিত হয়েছে ব্যাখ্যা কর। ৩

ঘ) 'শ্রমজীবী মানুষের সাথে কেমন আচরণ করা উচিত বলে তুমি মনে কর?' উদ্দীপক ও কুলি মজুর কবিতার আলোকে যৌক্তিক বিশ্লেষণ কর। ৪

৫। থাকব না কো বদ্ধ ঘরে
দেখব এবার জগৎটাকে,-
কেমন করে ঘুরছে মানুষ
যুগান্তরের ঘূর্ণিপাকে।
দেশ হতে দেশ দেশান্তরে
ছুটছে তারা কেমন করে।

ক) 'নতুন দেশ' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১

খ) 'নতুন দেশ' কবিতার কথকের মনে কী সাধ জাগে? বুঝিয়ে লেখো। ২

গ) উদ্দীপকে 'নতুন দেশ' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে বিশ্লেষণ কর। ৩

ঘ) উদ্দীপকটি 'নতুন দেশ' কবিতার সম্পূর্ণভাব প্রকাশ করে কী? উদ্দীপক ও 'নতুন দেশ' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। দু'কদম হেঁটে এসো মোদের কুটির,
পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির।
রয়েছে পানের বাটা,
কলাপাতা ভরে দেব ঘরে পাতা দই।
এই দেখ আছে মোর আয়না কাঁকই।

ক) কবি তাঁর অতিথিকে কোথায় বসতে দিবেন? ১

খ) 'আমার বাড়ি' কবিতায় কবি বন্ধুকে আমন্ত্রণ জানিয়েছেন কেন? ২

গ) উদ্দীপকের কুটিরের বর্ণনায় 'আমার বাড়ি' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে- ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপক ও 'আমার বাড়ি' কবিতার কবির আহবান একই সুরে গাঁথা"- উক্তিটি উদ্দীপক ও 'আমার বাড়ি' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

নির্মিতি অংশ

মান- ৩০

৭। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫

ক) সারাংশ লেখঃ

সময় ও স্রোত কাহারও অপেক্ষায় বসে থাকে না, চিরকাল চলিতে থাকে। সময়ের নিকট অনুনয় করো, ইহাকে ভয় দেখাও ভ্রুক্ষেপও করিবে না, সময় চলিয়া যাইবে, আর ফিরিবে না। নষ্ট স্বাস্থ্য ও হারানো ধন পুনঃপ্রাপ্ত হওয়া যায়, কিন্তু সময় একবার গত হইয়া গেলে আর ফিরিয়া আসে না। গত সময়ের জন্য অনুশোচনা করা নিষ্ফল। যতই কাঁদ না গত সময় আর ফিরিয়া আসিবে না।

খ) সারমর্ম লেখঃ

কোথায় স্বর্গ, কোথায় নরক? কে বলে তা বহুদূর?
মানুষের মাঝে স্বর্গ নরক-মানুষেতে সুরাসুর-
রিপুর তাড়নে যখন মোদের বিবেক পায়গো লয়,
আত্মগ্লানির নরক অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরই কুঁড়েঘরে।

৮। যে কোনো একটির ভাবসম্প্রসারণ কর। ৫

ক) আমাদের দেশে হবে সেই ছেলে কবে
কথায় না বড় হয়ে কাজে বড় হবে।

খ) লাইব্রেরি জাতির সভ্যতা ও উন্নতির মানদণ্ড।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫

ক) স্কুলে সুপেয় পানির ব্যবস্থা করার জন্য অধ্যক্ষের নিকট আবেদন পত্র লেখ।

খ) তোমার জীবনের লক্ষ্য কী জানিয়ে বড় ভাইকে চিঠি লেখ।

## বহুনির্বাচনি অভীক্ষা

মান- ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে বৃত্ত পূরণ কর। প্রত্যেক প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১। তোমার ও ঝুলির ভিতর কী?- মিনির এ প্রশ্নের উত্তরে কাবুলিওয়ালা কী বলত?
ক) হাতি খ) হাঁতি গ) ভূত ঘ) হাতির বাচ্চা

২। জেল থেকে খালাস পেয়ে রহমত মিনির জন্য কী নিয়ে এসেছিল?
ক) আঙ্গুর ও কিসমিস খ) আঙ্গুর ও কমলা
গ) খোবানি ও কিসমিস ঘ) খোবানি ও কমলা

৩। লখার রাতের বিছানা ফুটপাতের কঠিন শান'- বাক্যটিতে মূলত কী প্রকাশিত হয়েছে?
ক) পিতৃহীনতা খ) নিরক্ষরতা গ) নির্বুদ্ধিতা ঘ) দরিদ্রতা

৪। 'বেহেশত মায়ের পায়ের নিচে'- এটি কার বাণী?
ক) হযরত ইব্রাহিম (আ.) এর খ) হযরত মুহাম্মদ (স.)
গ) হযরত আবু বকর (রা.) এর ঘ) হযরত সুলাইমান (আ.) এর

৫। 'লখার একুশে' গল্পটিতে চিত্রিত হয়েছে-
i) লখার জীবনকাহিনি
ii) ভাষা আন্দোলনের প্রতি লখার শ্রদ্ধাবোধ
iii) একটি প্রতিবন্ধী শিশুর অন্তরে একুশের চেতনার জাগরণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i,ii ও iii

৬। কবিরা কীসের মতো সুন্দর সুন্দর কথা বলেন?
ক) পদ্মের খ) জবার গ) কৃষ্ণচূড়ার ঘ) গোলাপের

৭। 'দোকানি' কবিতায় কবি চকচকে কী বিক্রি করার কথা বলেছেন?
ক) চাঁদের আলো খ) সূর্যের আলো গ) তারার আলো ঘ) বিদ্যুতের আলো

৮। হাঁসটা ঝুড়ি থেকে পড়ে কোথায় আটকে ছিল?
ক) ডালের ফাঁকে খ) দড়ির সাথে গ) জালের সাথে ঘ) লতার সাথে

৯। 'নতুন দেশ' কবিতায় উল্লেখিত কিশোর কোথায় থাকে?
ক) ঘরের কোণে খ) ঘাটের কাছে গ) মাঝ নদীতে ঘ) জলের ঢেউয়ে

১০। 'নতুন দেশ' কবিতায় বাবার কোথায় না যাওয়ার আক্ষেপের উল্লেখ আছে?
ক) অফিসে খ) নদীর ঘাটে গ) বাড়িতে ঘ) নতুন দেশে

১১। কাদের হাড় দিয়ে বাষ্প-শকট চলে?
ক) দুর্বলদের খ) সবলদের গ) ধনীদের ঘ) দধীচিদের

১২। এমনি করে কি জগৎ জুড়িয়া মার খাবে দুর্বল? এ পঙক্তিটির মাধ্যমে যাদের কাছে কবির প্রশ্ন-
i) সকল শ্রেণির মানুষের কাছে
ii) মানুষের বিবেকের কাছে
iii) সৃষ্টিকর্তার কাছে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i,ii ও iii

১৩। 'আমার বাড়ি' কবিতায় কবি তার বন্ধুকে কীভাবে বাতাস করবেন বলে উল্লেখ করেছেন?
ক) হাতপাখা দিয়ে খ) গাছের শাখা দুলিয়ে
গ) বৈদ্যুতিক পাখা দিয়ে ঘ) গামছা ঘুরিয়ে

১৪। 'ডালিম কুমার' জসীম উদদীনের কোন জাতীয় রচনা?
ক) নাটক খ) উপন্যাস গ) প্রবন্ধ ঘ) শিশুতোষ

১৫। এশীয়দের মধ্যে সর্বপ্রথম নোবেল পুরস্কার পান কে?
ক) ড. মুহম্মদ ইউনুস খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) ড. আব্দুস সামাদ ঘ) এ পি জে আব্দুল কালাম

১৬। 'কুলি-মজুর' কবিতায় কবি কাজী নজরুল ইসলাম-
ক) মানুষের পক্ষে কলম ধরেছেন খ) শ্রমজীবী মানুষের অধিকারের পক্ষে কলম ধরেছেন
গ) ধনী-দরিদ্রের সমন্বয় সাধন করেছেন ঘ) ধনীদের অবমূল্যায়ন করেছেন

১৭। মানুষের মনের ভাব প্রকাশের জন্য উচ্চারিত অর্থবোধক ধ্বনিকে কী বলে?
ক) বাক্য খ) শব্দ গ) ভাষা ঘ) বর্ণ

১৮। ফোর্ট উইলিয়াম কলেজের প্রতিষ্ঠাকাল কত?
ক) ১৭০০ খ্রিষ্টাব্দ খ) ১৮০০ খ্রিষ্টাব্দ গ) ১৯০০ খ্রিষ্টাব্দ ঘ) ২০০০ খ্রিষ্টাব্দ

১৯। সাধু ও চলিত রীতির পার্থক্য কোন পদে বেশি?
ক) অব্যয় ও ক্রিয়াপদে খ) সর্বনাম ও বিশেষ্য পদে
গ) ক্রিয়া ও সর্বনাম পদে ঘ) ক্রিয়াপদ ও অব্যয়পদে

২০। ণত্ব ও ষত্ব বিধান বাংলা ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক) রূপতত্ত্বে খ) ধ্বনিতত্ত্বে গ) শব্দার্থতত্ত্বে ঘ) বাক্যতত্ত্বে

২১। 'ব্যাকরণ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?
ক) সাধারণ বিশ্লেষণ খ) বিশেষভাবে বিশ্লেষণ
গ) সাধারণ সংশ্লেষণ ঘ) বিশেষভাবে সংযোজন

২২। যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না তাকে বলে?
ক) ঘোষ ধ্বনি খ) অঘোষধ্বনি গ) উষ্মধ্বনি ঘ) পার্শ্বধ্বনি

২৩। 'প' বর্গীয় ধ্বনিগুলোর উচ্চারণস্থান অনুযায়ী নাম কী?
ক) কণ্ঠধ্বনি খ) তালব্যধ্বনি গ) মূর্ধন্যধ্বনি ঘ) ওষ্ঠ্যধ্বনি

২৪। পাশাপাশি দুটো ধ্বনির মিলনকে কী বলে?
ক) কারক খ) পদ গ) সন্ধি ঘ) প্রত্যয়

২৫। 'কারক' শব্দটির অর্থ কী?
ক) যা পদকে সম্পাদন করে খ) যা সমাসকে সম্পাদন করে
গ) যা ক্রিয়া সম্পাদন করে ঘ) যা পদ ও সমাসকে সম্পাদন করে

২৬। ক্রিয়াকে 'কী' বা 'কাকে' দিয়ে প্রশ্ন করলে কোন কারক পাওয়া যায়?

ক) কর্তৃকারক খ) কর্মকারক গ) করণকারক ঘ) সম্প্রদান কারক

২৭। 'ছাদ থেকে নদী দেখা যায়'- নিম্নরেখ পদগুলো কোন কারকে কোন বিভক্তি?

ক) কর্মে ৫মী খ) করণে ৫মী গ) অপাদানে ৫মী ঘ) অধিকরণে ৫মী

২৮। 'তর' ও 'তম' প্রত্যয় দুটি যুক্ত হয় কোন রীতিতে?

ক) বাংলা রীতি খ) সংস্কৃত রীতি গ) দেশী ঘ) বিদেশী

২৯। যেসব শব্দকে বিশ্লেষণ করলে আলাদা অর্থ পাওয়া যায় সেগুলোকে কী শব্দ বলে?

ক) মৌলিক শব্দ খ) সাধিত শব্দ গ) রূঢ়ি শব্দ ঘ) মিশ্র শব্দ

৩০। উপসর্গের কাজ কী?

ক) নতুন অর্থবোধক শব্দ গঠন করা খ) নতুন বাক্য গঠন করা

গ) বাক্যকে সৌন্দর্যমন্ডিত করা ঘ) বাক্যের অলংকার বৃদ্ধি করা